তারিখ ........................
পৃষ্ঠা ... কলাম ...
MAR. 28 2002

দৈনিক জনকণ্ঠ

# হাইকোর্টের নির্দেশ সত্ত্বেও ছাত্রলীগের ৮ নেতা মুক্তি পাননি

**স্টাফ রিপোর্টার ॥** হাইকোর্ট ছাত্রলীগের আট কেন্দ্রীয় নেতার আটকাদেশ অবৈধ ঘোষণার পরও তাদের মুক্তি দেয়া হয়নি। বুধবার এদের মধ্যে পাঁচজনকে কারাগারে আটক রাখা হয়। অপর তিন নেতাকে নিয়ে আসা হয়েছে ধানমণ্ডি থানায়, থানার কর্তব্যরত কর্মকর্তা বিরোধী দলের নেত্রীর সহকারী একান্ত সচিবের কাছে স্বীকার করেছেন থানায় নিয়ে আসা তিনজনের বিরুদ্ধে কোন মামলা নেই।

ধানমণ্ডি থানায় নিয়ে আসা তিন ছাত্রনেতা হচ্ছে মোমিন পাটোয়ারী, স্বপন কর্মকার এবং তুহিন। তবে ধানমণ্ডি থানার সঙ্গে যোগাযোগ করা হলে তারা ছাত্রনেতাদের থানায় নিয়ে আসার কথা অস্বীকার করেন।